বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637
dgmpd1@krishibank.org.bd
www.krishibank.org.bd

নং- প্রকা/এইচআরএমডি-১/কর্মকর্তা/এস-৪০৭৮/২০১৭-২০১৮/ ৬০৯৪    তারিখ ঃ ০৭.০৬.২০১৮ খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ
বাংলাদেশ কৃষি ব্যাংক

## বিষয় ঃ মানবিক সাহায্যের আবেদন ।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, ইকড়ি বাজার শাখা, পিরোজপুর এর ২য় কর্মকর্তা (উর্ধতন কর্মকর্তা) জনাব স্বদেশ বিশ্বাস (এস-৪০৭৮) এবং প্রকিউরমেন্ট বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর কর্মকর্তা (১০ম গ্রেড) জনাব সৈয়দ আবদুর রব (এ-২০৪৩) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে চিকিৎসার খরচ হিসেবে মানবিক সাহায্যের আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০২। জনাব স্বদেশ বিশ্বাস (এস-৪০৭৮) উর্দ্ধতন কর্মকর্তা- এর ০৭ (সাত) মাসের কন্যা সন্তান জন্মগতভাবে হার্টের সমস্যায় ভুগছিল। ধার দেনা ও সহায় সম্বল বিক্রি করে সংশ্লিষ্ট কর্মকর্তা ঢাকার বিভিন্ন হাসপাতালে ICU তে রেখে মেয়ের চিকিৎসা করান। অবস্থার ক্রমান্বয়ে অবনতি ঘটায় সর্বশেষ ভারতের ব্যাঙ্গালোরের নারায়ানা হাসপাতালে মেয়েকে ভর্তি করা হয়। সেখানে দীর্ঘ এক মাস বিশ দিন পর চিকিৎসাধীন অবস্থায় বিগত ২৪.০৩.২০১৮ তারিখে মেয়েটি মৃত্যুবরণ করে ।

অপরদিকে যৌথ পরিবারে বসবাসরত জনাব স্বদেশ বিশ্বাস এর ছোট ভাইয়ের ০৭ মাস ২০ দিন বয়সের সন্তান ভারতের চেন্নাইয়ে অবস্থিত ভ্যালোরের CMC হাসপাতালে দীর্ঘ ০৪(চার) মাস চিকিৎসাধীন অবস্থায় গত ১৯.০৩.২০১৮ তারিখে মৃত্যুবরণ করে। ২ টি শিশুর চিকিৎসা ব্যয়ভার বহনে ১৮/ ২০ লক্ষ টাকা জোগাড় করতে গিয়ে আজ সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রায় সর্বহারা হয়ে পথে বসতে হচ্ছে।

০৩। দ্বিতীয় আবেদনকারী কর্মকর্তা জনাব সৈয়দ আবদুর রব (এ-২০৪৩) গত ২৬-০৪-২০১৮ তারিখে নিজ কার্যালয়ে কর্মরত থাকা অবস্থায় হঠাৎ অসুস্থ হয়ে পড়েন । ঢাকার মিরপুরের ইসলামী ব্যাংক হাসপাতালের চিকিৎসকের শরণাপন্ন হন । বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা করা হয় । পরবর্তীতে একই চিকিৎসকের পরামর্শে ঢাকার ধানমন্ডিস্থ ল্যাব এইড হাসপাতালের সিসিইউ তে ভর্তি হন । সেখানে বিভিন্ন পরীক্ষা নিরীক্ষায় তার ২ টি মাইল্ড স্ট্রোক হওয়ার বিষয় নিশ্চিত করা হয়। একই সাথে তার ফুসফুসে পানি, পিত্তথলিতে পাথর , পেট ব্যথা ইত্যাদি রোগ সনাক্ত হয়। ইতোমধ্যে চিকিৎসা বাবদ তাঁর প্রায় ২.০০ লক্ষ টাকা খরচ হয়েছে । সম্পূর্ণ সুস্থ হতে সংশ্লিষ্ট কর্মকর্তার আরো ৫.০০ লক্ষ টাকা প্রয়োজন বলে তিনি আবেদনে উল্লেখ করেছেন। উল্লেখ্য, ২০১১ সালে তাঁর বাইপাস সার্জারী হয়েছে।

০৪ । এমতাবস্থায়, নিম্নের বর্ণনা মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরিচালিত সঞ্চয়ী হিসাবে ১ (এক) দিনের মধ্যাহ্ন ভোজন ভাতা (লাঞ্চ) অথবা সামর্থ অনুযায়ী আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | আবেদনকারীর নাম | পদবী | কর্মস্থল | যে সঞ্চয়ী হিসাবে আর্থিক সাহায্য প্রদান করতে হবে |
|---|---|---|---|---|
| ১. | জনাব স্বদেশ বিশ্বাস (এস-৪০৭৮) | উর্দ্ধতন কর্মকর্তা | বিকেবি,ইকড়ি বাজার শাখা, পিরোজপুর । | **সঞ্চয়ী হিঃ ৯১৮৪** বিকেবি, ইকড়িবাজার শাখা, পিরোজপুর । |
| ২. | জনাব সৈয়দ আবদুর রব (এ-২০৪৩) | কর্মকর্তা | প্রকিউরমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা । | **সঞ্চয়ী হিঃ ৪৫৯১** বিকেবি,স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা । |

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত

৭/৬/১৮
( এম,এ, রউফ ভূঁইয়া )
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০২। উপ-মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট বিভাগ ,বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০৩। উপ-মহাব্যবস্থাপক,বিকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
০৪। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক,বিকেবি, মুখ্য কার্যালয় আঞ্চলিক, পিরোজপুর।
০৫। ব্যবস্থাপক, বিকেবি, ইকড়ি বাজার শাখা, পিরোজপুর ।
০৬। জনাব স্বদেশ বিশ্বাস (এস-৪০৭৮) উর্দ্ধতন কর্মকর্তা, বিকেবি, ইকড়ি বাজার শাখা, পিরোজপুর ।
০৭। জনাব সৈয়দ আবদুর রব (এ-২০৪৩), কর্মকর্তা, প্রকিউরমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০৮। নথি/অফিস নথি।